

সারাদেশ

বিজিবির অভিযানে বিজয়নগরে ভারতীয় চোরাচালানি মালামাল জব্দ



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ০৫:৪৯ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে অভিযান চালিয়ে পৌনে দুই কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ ভারতীয় চোরাচালানি মালামাল এবং একটি কাভার্ড ভ্যান জব্দ করেছে সরাইল ব্যাটালিয়ন-(২৫ বিজিবি)।

বৃহস্পতিবার (৮ অক্টোবর ২০২৬) ভোরে বিজয়নগর উপজেলার ইসলামপুর এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল আটক করা হয়।

বিজিবি সূত্রে জানা যায়,সীমান্ত দিয়ে চোরাচালান প্রতিরোধে বিজিবির মহাপরিচালকের নির্দেশনায় সীমান্ত এলাকায় গোয়েন্দা নজরদারি ও টহল তৎপরতা জোরদার করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে-৮ অক্টোবর ভোর আনুমানিক-৫টার দিকে সরাইল ব্যাটালিয়নের একটি বিশেষ টহল দল সীমান্ত পিলার ২০০১/এমপি থেকে প্রায়-৫ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে ইসলামপুর নামক স্থানে অভিযান পরিচালনা করে।

অভিযানকালে সিলেট থেকে ঢাকাগামী একটি কাভার্ড ভ্যানের গতিবিধি সন্দেহজনক মনে হলে বিজিবি সদস্যরা সেটিকে থামিয়ে তল্লাশি চালান। পরবর্তীতে কাভার্ড ভ্যানের ভেতরে বিশেষ কায়দায় লুকানো অবস্থায় ২,১০০ কেজি ভারতীয় জিরা ও ১৫,৪৯৮ পিস উল্লতমানের সানগ্লাস উদ্ধার করা হয়। একই সাথে চোরাচালানে ব্যবহৃত কাভার্ড ভ্যানটিও জব্দ করা হয়েছে।

জব্দকৃত ভারতীয় মালামাল ও কাভার্ড ভ্যানের আনুমানিক সিজার মূল্য-১ কোটি-৭৬ লাখ ৭১-হাজার টাকা। উদ্ধারকৃত চোরাচালানি মালামাল আখাউড়া কাস্টমস অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে বিজিবি। সরাইল ব্যাটালিয়ন (২৫-বিজিবি) জানায়, দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা বিজয়নগর, আখাউড়া ও মাধবপুরে নিরাপত্তা রক্ষা এবং চোরাচালান প্রতিরোধে বিজিবির গোয়েন্দা নজরদারি ও অভিযানিক কার্যক্রম অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



রংপুরে শিক্ষক পরিবার হত্যায় দুই আসামির ডিএনএ মিলেছে
রংপুরে অবসরপ্রাপ্ত স্থলশিক্ষক গণগতি চক্রবর্তীসহ একই পরিবারের চারজনকে হত্যার ঘটনায় গ্রেপ্তার দুই আসামি সিদ্ধার্থ দাস ও মুকু দাসের ডিএনএ নমু...



বগুড়ায় দুই শিশুকে ধর্ষণের দায়ে ৬০ বছর কারাদণ্ড
বগুড়ার কাছাড়তে ছয় বছরের দুই শিশুকে ধর্ষণের মামলায় নূর ইসলাম (৪২) নামে এক ব্যক্তিকে ৩০ বছর করে মোট ৬০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একইস...



তত্ত্বমদিনে মা ইলিশ সংরক্ষণ অভিযানে জেলেনের মাঝে ভিজিএফের চাল বিতরণ
ভোলায় তত্ত্বমদিনে মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষে কর্মহীন হয়ে পড়া নিবন্ধিত জেলেনের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় সরকারি চাল বিতরণ শুরু হয়েছে। বৃহ...



কুষ্টিয়ায় মাদ্রাসাছাত্রকে যৌন নিপীড়নের চেষ্টা, ওশিসহ ৩ পুলিশ আহত
কুষ্টিয়ার পৌলতপুরে এক মাদ্রাসাছাত্রকে যৌন নিপীড়নের চেষ্টার অভিযোগ উঠেছে মাদ্রাসার অধ্যক্ষ আশিকুন্নাহর বিরুদ্ধে। এ অভিযোগকে কেন্দ্র করে অধ্যক্ষ...